রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, জুন ২৫, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
জননিরাপত্তা বিভাগ
**পুলিশ শাখা-২**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৯ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ/১২ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও নং ২২২-আইন/২০২৪।**—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, পুলিশ বিভাগ (নন-পুলিশ কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯৬ এর অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) তফসিল অংশে উল্লিখিত “তফসিল” শব্দটির পরিবর্তে “তফসিল-১” শব্দ, চিহ্ন ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে;

(খ) “তফসিল-১” শব্দ, চিহ্ন ও সংখ্যা বিলুপ্ত হইবে;

(গ) পুনসংখ্যায়িত তফসিল-১ এর “পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পি.বি.আই)” শিরোনামাধীন ক্রমিক নং ৮ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নবর্ণিত নূতন শিরোনাম, ক্রমিক নং ও এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা :—

## "ট্যুরিস্ট পুলিশ

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | প্রোগ্রামার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ২। | সাব-এ্যাসিস্টেন্ট ইঞ্জিনিয়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :** কোনো স্বীকৃত বোর্ড বা ইন্সটিটিউট হইতে পুর কৌশল (সিভিল ইঞ্জিনিয়ারিং) বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা।<br>**প্রেষণে বদলীর ক্ষেত্রে :** গণপূর্ত অধিদপ্তরের সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৩। | প্রশাসনিক কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে। | প্রধান সহকারী বা সাঁট-লিপিকার কাম বা কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ৪। | হিসাবরক্ষণ কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :** ক্যাশিয়ার পদে অন্যূন ১৫ (পনের) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষা অনুষদের যে কোন বিষয়ে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি :<br>তবে শর্ত থাকে যে, কোনো প্রার্থীর শিক্ষাজীবনে একাধিক ৩য় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না;<br>(খ) কম্পিউটার MS Office এ কাজ করিবার দক্ষতা থাকিতে হইবে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৫। | প্রধান সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>উচ্চমান সহকারী পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি :<br>তবে শর্ত থাকে যে, কোনো প্রার্থীর শিক্ষাজীবনে একাধিক ৩য় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না;<br>(খ) কম্পিউটার MS Office এ কাজ করিবার দক্ষতা থাকিতে হইবে।<br>(গ) তফসিল ৬ ও ৭ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬। | সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি :<br>(খ) কম্পিউটার MS Office এ কাজ করিবার দক্ষতা থাকিতে হইবে।<br>(গ) তফসিল ৬ ও ৭ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৭। | কম্পিউটার অপারেটর | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৮। | উচ্চমান সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি :<br>তবে শর্ত থাকে যে, কোনো প্রার্থীর শিক্ষাজীবনে একাধিক ৩য় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না;<br>(খ) কম্পিউটার MS Office এ কাজ করিবার দক্ষতা থাকিতে হইবে।<br>(গ) তফসিল ৬ ও ৭ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৯। | ক্যাশিয়ার | অনুর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষা অনুষদের যে কোনো বিষয়ে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, কোনো প্রার্থীর শিক্ষাজীবনে একাধিক ৩য় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না;<br>(খ) কম্পিউটার MS Office এ কাজ করিবার দক্ষতা থাকিতে হইবেন;<br>(গ) তফসিল ৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১০। | ওজনকারক | পদোন্নতি, অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী পূরণ করিতে হইবে। | | |
| ১১। | বাবুর্চী | পদোন্নতি, অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী পূরণ করিতে হইবে। | | |
| ১২। | পরিচ্ছন্নতা কর্মী | পদোন্নতি, অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী পূরণ করিতে হইবে। | | |

(ঘ) তফসিল-৫ এর পর নিম্নরূপ তফসিল-৬ ও তফসিল-৭ সংযোজিত হইবে, যথাঃ—

**তফসিল-৬**

ট্যুরিস্ট পুলিশের প্রধান সহকারী, সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর, উচ্চমান সহকারী ও ক্যাশিয়ার পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার নম্বর বণ্টন:

| পরীক্ষা | পরীক্ষার বিষয় | মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| লিখিত পরীক্ষা | ১। বাংলা | ২৫ | ৫০% | ৯০ মিনিট |
| | ২। ইংরেজি | ২৫ | | |
| | ৩। গণিত | ২০ | | |
| | ৪। সাধারণ জ্ঞান | ২০ | | |
| | মোট নম্বর | ৯০ | | |
| মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| সর্বমোট | | ১০০ | | |

ব্যাখ্যা: (১) লিখিত পরীক্ষায় এবং কম্পিউটার এ্যাপটিচিউড টেস্টে (প্রযোজ্য ক্ষেত্রে) উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

(২) লিখিত পরীক্ষা এবং মৌখিক পরীক্ষায় পৃথকভাবে পাশ নম্বর শতকরা ৫০ (পঞ্চাশ) হইবে।

**তফসিল-৭**

ট্যুরিষ্ট পুলিশের প্রধান সহকারী, সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর এবং উচ্চমান সহকারী পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের কম্পিউটার মুদ্রাক্ষরিক পরীক্ষার গতি, নম্বর ও সময় বণ্টন:

| পদের নাম | পরীক্ষার বিষয় | ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজি পরীক্ষায় মোট নম্বর | বাংলা পরীক্ষায় মোট নম্বর | প্রতি বিষয়ে সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর | ইংরেজি পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর | সাঁটলিপি | ৮০ শব্দ | ৫০ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫০% | ৫ মিনিট | ৫ মিনিট |
| সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর | কম্পিউটার মুদ্রাক্ষর | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |
| প্রধান সহকারী | কম্পিউটার মুদ্রাক্ষর | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |
| উচ্চমান সহকারী | কম্পিউটার মুদ্রাক্ষর | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |

ব্যাখ্যা-(১) সাঁটলিপি নোট প্রতিলিপিকরণ (Transcribe) এর জন্য ৩০ (ত্রিশ) মিনিট সময় বরাদ্দ থাকিবে;

(২) ৫ (পাঁচ) শতাংশ এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জিত হয় নাই বলিয়া গণ্য হইবে;

(৩) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫ (পাঁচ) টি স্ট্রোক একটি শব্দ হিসেবে গণ্য হইবে;

(৪) সর্বনিম্ন গতিকে পাস নম্বর শতকরা ৪০ (চল্লিশ) হিসাবে গণ্য করা হইবে। ” ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জাহাংগীর আলম**
সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd